

## ঢাবিতে প্রথম বর্ষ থেকেই শিক্ষার্থীরা হলে সিট পাবেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার || প্রথম বর্ষ থেকেই নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীরা হল প্রশাসনের মাধ্যমে সিট বরাদ্দ পাবেন এবং গণরাজ্যে থাকতে হবে না- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের এমন আশ্বাসে আন্দোলন আপাতত স্থগিত করেছেন ডাকসুর সদস্য তানভীর হাসান সৈকত।

গণরাজ্য সমস্যা সমাধান না হওয়ায় পূর্বনির্ধারিত ঘোষণা অনুযায়ী মঙ্গলবার সকাল ১০টায় উপাচার্যের বাসভবনে প্রবেশের চেষ্টা করেন তিনি। কিন্তু প্রটোরিয়াল বিডির বাধায় প্রবেশ করতে না পেরে প্রধান ফটকের সামনে অবস্থান নেন এই ছাত্রলীগ নেতা। তার সঙ্গে গণরাজ্যে অবস্থান করা আরও ২০ জন প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। বেলা আড়াইটা পর্যন্ত চলে এই অবস্থান কর্মসূচী।

এর আগে দুপুর দেড়টা থেকে টানা একঘণ্টা উপাচার্যের সঙ্গে আলোচনা করেন আন্দোলনকারীরা। সকাল থেকে অবস্থান নেয়ার পর দুপুরে উপাচার্য তার কার্যালয়ে ডেকে নিয়ে যান। আলোচনা শেষে সৈকত তাদের আন্দোলন স্থগিত ঘোষণা করেন। তিনি বলেন, উপাচার্য স্যারের আমন্ত্রণে আমরা ছয়জন তার কার্যালয়ে গেলে তিনি আমাদের আশ্বাস দিয়ে বলেন, যারা নতুন ভর্তি হবে তারা হল প্রশাসনের মাধ্যমেই হলে উঠবে এবং পরেও সিট সঞ্চারের কারণে গণরাজ্য বিদ্যমান থাকলে তা প্রশাসনের নিয়ন্ত্রণেই থাকবে এবং সেখানে ব্লাক বেডের ব্যবস্থা করা হবে। এছাড়া তিনি দীর্ঘমেয়াদী কার্যক্রম চলবে বলে আশ্বাস দেন। স্যারের এই আশ্বাসে আমরা আন্দোলন আপাতত স্থগিত ঘোষণা করছি।

ডাকসু নেতা হয়েও গণরাজ্য সমস্যার কোন সমাধান দিতে না পেরে গত ১ সেপ্টেম্বর নিজের বৈধ কক্ষ ছেড়ে দিয়ে কবি জসিম উদ্দীন হলের একটি গণরাজ্যে ওঠেন তানভীর হাসান সৈকত। গত ১ অক্টোবর গণরাজ্যে ৪০ জন শিক্ষার্থীকে নিয়ে প্রথম বর্ষ থেকে বৈধ সিটের দাবিতে রাজু ভাস্কর্যে সমাবেশ করেন তিনি। সমাবেশে তিনি পরবর্তীতে ১৫ দিনের মধ্যে সমস্যা সমাধান না হলে গণরাজ্যের শিক্ষার্থীদের নিয়ে উপাচার্যের বাসভবনে ওঠার হঁশিয়ারি দেন।



### Best Mobile Games Platfc

বিজ্ঞাপন Convenient and fast, a game experience

GameLoop

[Download](#)

এদিকে গত ১০ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতাত্ত্বিক বিভাগে সিট সঞ্চার কর্মসূচী শুরু হয়েছে। প্রথম দিনে শিক্ষার্থীদের হল ছাড়তে হবে। পাশাপাশি কক্ষগুলোতে ব্লাক বেড স্থাপন করার সম্ভাব্যতা যাচাইয়ে একটি কমিটি করা হয়। গত রবিবার গণরাজ্যে থাকা ছাত্রদের নিজের দুরবস্থা দেখতে দুটি হলের গণরাজ্যে যান স্বয়ং উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। প্রসঙ্গত, ঢাবিতে প্রথম বর্ষে ভর্তি হয়ে যারা হলে ওঠেন তাদের প্রত্যেককেই এই গণরাজ্যে থাকতে হবে। হলভেদে গণরাজ্যগুলোতে ২৫-৩০ শিক্ষার্থী বসবাস করে। পরবর্তীতে শিক্ষার্থীরা বৈধ সিট পায়।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত  
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মাঝান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকর্ত্ত: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright ® All rights reserved by dailyjanakantha.com